

সাধারণ মুসলমানদের হকসমূহ

- মুসলমান ভাইয়ের ভুল-ত্রুটি ক্ষমা করবে।
- সে কাঁদলে তার প্রতি দয়া করবে।
- তার দোষ-ত্রুটি গোপন করবে। ইসলামের জন্য বলতে হলে গোপনে বলবে।
- তার ওজর-আপত্তি মেনে নিবে।
- তার কষ্ট লাঘব করবে।
- সব সময় তার কল্যাণ কামনা করবে।
- তার দেখাশোনা করবে ও তাকে ভালোবাসবে।
- তার দায়িত্বের ক্ষেত্রে ছাড় দিবে।
- অসুস্থ হলে সেবা-শুশ্রূষা করবে।
- মৃত্যুবরণ করলে জানাযায় অংশ নিবে।
- তার দা'ওয়াত কবুল করবে। কোন বিষয়ে সাহায্য চাইলে তাউফীক থাকলে সাহায্য করবে।
- ওজর না থাকলে তার হাদিয়া কবুল করবে।
- তার সদাচরণের প্রতিদান দিবে।
- তার নেয়ামতের শুকরিয়া আদায় করবে।
- প্রয়োজন হলে তাকে সাহায্য করবে।
- তার পরিবার-পরিজনের হেফাযত করবে।
- তার অভাব মোচন করবে।
- তার ভালো আবেদন পূরণ করবে।
- তার বৈধ সুপারিশ গ্রহণ করবে।
- তার বৈধ আশা পূরণ করবে।
- সে হাঁচি দিয়ে 'আলহামদুলিল্লাহ' বললে উত্তরে 'ইয়ারহামুকাল্লাহ' বলবে।
- তার হারানো জিনিস পেলে তার কাছে পৌঁছে দিবে।
- তার সালামের উত্তর তাকে শুনিয়ে দিবে।
- নম্রতার সাথে ও হাসিমুখে তার সাথে কথা বলবে।
- তার প্রতি সদাচরণ করবে।
- তোমার উপর ভরসা করে কসম খেলে তা পূরণ করবে।
- তার উপর কেউ জুলুম করলে তাকে সাহায্য করবে। সে কারো উপর জুলুম করলে তাকে বাধা দিবে।
- তার প্রতি ভালোবাসা পোষণ করবে। শত্রুতা করবে না।
- তাকে লাঞ্ছিত করবে না। যে জিনিস নিজের জন্য পছন্দ করো, তা তার জন্যও পছন্দ করবে।
- সাক্ষাত হলে সালাম করবে, সম্ভব হলে মুসাফাহা করবে।
- ঘটনাচক্রে পরস্পরে মনোমালিন্য হলে তিন দিনের বেশি কথা বন্ধ রাখবে না।
- তার প্রতি মন্দ ধারণা পোষণ করবে না।

- তার প্রতি হিংসা ও বিদ্বেষ পোষণ করবে না।
- সামর্থ্যানুযায়ী সৎ কাজে আদেশ ও অসৎ কাজে নিষেধ করবে।
- ছোটদের প্রতি স্নেহ ও বড়দের প্রতি শ্রদ্ধা প্রকাশ করবে।
- দু'জন মুসলমানের মাঝে কলহ হলে তাদেরকে পরস্পরে মিলিয়ে দিবে।
- তার গীবত করবে না।
- তার ধন সম্পদ বা মান-সম্মানের কোন ক্ষতি করবে না।
- যদি বাহনে আরোহণ করতে না পারে বা বাহনের উপর সামান্যপত্র উঠাতে না পারে, তাহলে তার সহায়তা করবে।
- তাকে তুলে দিয়ে তার স্থানে বসবে না।
- তৃতীয় ব্যক্তিকে একা ছেড়ে দু'জনে কথা বলবে না।